

# ডিজিটাল সেবা সেন্টার স্থাপনের নিমিত্তে উদ্যোক্তাদের জন্য প্রয়োজনীয় নির্দেশিকা

## ভূমিকা

স্মার্ট বাংলাদেশ গঠনের লক্ষ্যে সারাদেশে ৫০ হাজার ডিজিটাল সেবা সেন্টার স্থাপনের জন্য বাংলাদেশ সরকারের এ টু আই সাবলাইম লিমিটেড এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। এই সেবা সেন্টার সমূহ সাবলাইম লিমিটেড উদ্যোক্তাদের মাধ্যমে পরিচালিত করবে। যাতে করে তারা একদিকে নিজেদের জীবিকা নির্বাহ করবে এবং অন্যদিকে জনগণের নিকট সরকারের সেবা সমূহকে তাদের হাতের কাছে পৌঁছে দিতে পারে।

## উদ্যোক্তার যোগ্যতা

- প্রাপ্তবয়স্ক বাংলাদেশী নারী অথবা পুরুষ
- শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এসএসসি অথবা সমমান
- কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহারে পারদর্শী
- নিজ অথবা কোম্পানির নামে ব্যাংক একাউন্ট
- ১৫০-৩০০ স্কয়ার ফিটের একটি দোকান
- সেবা দেয়ার জন্য কম্পিউটার অথবা ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি (কোনো সরঞ্জাম না থাকলে সাবলাইম এর পক্ষ থেকে সেটা অর্থের বিনিময়ে ক্রয়ের ব্যবস্থা করে দেওয়া হবে)

## সেবা সমূহ

বাংলাদেশ সরকারের তিনশত এর অধিক সরকারি সেবা সহ আরো অন্যান্য সরকারি ও বেসরকারি অনলাইন এবং অফলাইন সেবা প্রদান। উল্লেখযোগ্য সেবা সমূহ নিম্নরূপঃ

জন্ম/মৃত্যু সনদের আবেদন, পাসপোর্ট এর আবেদন, চাকুরীর আবেদন, ই-নাম জারি আবেদন, জমির খাজনা প্রদান, ট্রেড লাইসেন্স আবেদন ও নবায়ন, গ্যাস/ পানি/ বিদ্যুৎ বিল প্রদান, স্কুল/ কলেজ/ ইউনিভারসিটি তে ভর্তির আবেদন, বয়স্ক ভাতা আবেদন, বিভিন্ন প্রকার সনদ প্রাপ্তির আবেদন, হজ নিবন্ধন, নতুন ভোটার আইডি আবেদন ও সংশোধন, বিভিন্ন পরীক্ষার ফলাফল, বিমান/ রেল ও বাস টিকেট, মোবাইল রিচার্জ, টাকা পাঠানো ও গ্রহণ, বিভিন্ন প্রকার ইন্সুরেন্সের প্রিমিয়াম প্রদান ইত্যাদি। এর বাইরে ও সেবা গ্রহীতাগন অন্যান্য সেবা এখান থেকে গ্রহণ করতে পারবেন। সাবলাইম এর পক্ষ থেকে পরবর্তীতে আরো অন্যান্য সেবা প্রদানের জন্য বিভিন্ন লিংক প্রদান করা হবে।

## আবেদন পদ্ধতি

আবেদন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উদ্যোক্তাকে একটি লিংক প্রদান করা হবে। সেই লিংকে যেয়ে উদ্যোক্তা হিসেবে রেজিস্ট্রেশন করার জন্য প্রাথমিকভাবে কিছু মৌলিক তথ্যসহ অনলাইনে আবেদন করতে হবে। আবেদন করার সময় উদ্যোক্তার বিভিন্ন তথ্য যাচাইয়ের নিমিত্তে প্রয়োজনীয় দলিলাদি আপলোড করতে হবে। এছাড়াও তার ছবি, এনআইডি, ব্যাংক একাউন্টের তথ্য প্রদান করতে হবে। সাবলাইম কর্তৃক আবেদনসমূহ যাচাই বাছাই করে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রদান করা হবে। ইউজার আইডি এবং পাসওয়ার্ড দিয়ে উদ্যোক্তা লগইন করবেন এবং বিভিন্ন প্রকার সেবা প্রদান করবেন।

## প্রশিক্ষণ

বিভিন্ন প্রকার সেবা প্রদান করার জন্য উদ্যোক্তাকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে।

## সেবা প্রদানের ফি

প্রতিটি সেবা প্রদান বাবদ সেবা গ্রহীতার কাছ থেকে সরকারি ফি (যদি থাকে) ছাড়াও সেবা দেয়ার জন্য উদ্যোক্তা সরকার নির্ধারিত ফি গ্রহণ করবেন যা তার আয় হিসেবে গণ্য হবে।

## সাবলাইম ও উদ্যোক্তার মধ্যে চুক্তি

সকল বিষয় উল্লেখপূর্বক সাবলাইম ও উদ্যোক্তার মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হবে। প্রাথমিক পর্যায়ে উদ্যোক্তাদের সাবলাইমকে কোনো প্রকার অর্থ প্রদান করতে হবে না। তবে এই সেবা অব্যাহত রাখতে কারিগরি সহযোগিতা প্রদান করার জন্য যে সকল জনবল কাজ করবে তাদের বেতন ভাতা প্রদানের নিমিত্তে তার আয়ের একটি যৎসামান্য অংশ পরবর্তীতে প্রদান করতে হবে।

## উপসংহার

সকলের মনে রাখতে হবে যে তারা প্রত্যেকেই সরকারের একজন প্রতিনিধি হিসেবে এই ডিজিটাল সেবা সেন্টারে কাজ করছেন। সে অনুযায়ী প্রত্যেক সেবা গ্রহীতা কে উদ্যোক্তাগণ উন্নত মানের সেবা প্রদান করবেন।